## ৩.৫ সেবার নামঃ বার্ষিক বাজেট অনুমোদন

### ৩.৫.১ সেবা প্রোফাইল

| সেবা প্রদানকারী অফিসের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী | সেবাপ্রাপ্তির স্থান | প্রয়োজনীয় সময় |
|---|---|---|---|
| ১. জেলা সমবায় কার্যালয়<br>২. সমবায় অধিদপ্তর | ১. উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, সহকারী পরিদর্শক<br>২. জেলা সমবায় অফিসার, পরিদর্শক,<br>৩. যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | জেলা সমবায় কার্যালয়/ সমবায় অধিদপ্তর | ৩-৭ কর্মদিবস |

| | | |
|---|---|---|
| **সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ** | | যে সকল সমবায় সমিতিতে সরকারের শেয়ার, ঋণ ও গ্যারান্টি আছে সেসকল সমবায় সমিতির বার্ষিক বাজেট নিম্নলিখিত পদ্ধতিতে অনুমোদন করা হয়:<br>**ক) জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে**<br>সমিতির প্রস্তাবিত বাজেট বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের পর উহা চূড়ান্ত অনুমোদনের জন্য সভার কার্যবিবরণীসহ নিবন্ধক, সমবায় অধিদপ্তর বরাবর আবেদন দাখিল করা হয়। প্রস্তাবিত বাজেট যাচাই-বাছাই শেষে যৌক্তিক বাজেট অনুমোদন এবং অনুমোদিত বাজেটের কপি সংশ্লিষ্ট অফিস ও সমিতির কর্তৃপক্ষের নিকট প্রেরণ।<br>**খ) কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে**<br>সমিতির প্রস্তাবিত বাজেট বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের পর তা চূড়ান্ত অনুমোদনের জন্য সভার কার্যবিবরণীসহ উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসার বরাবর দাখিল করতে হয়। উপজেলা সমবায় অফিসার পর্যালোচনা করে মন্তব্যসহ জেলা সমবায় অফিসারের নিকট প্রেরণ করেন। প্রস্তাবিত বাজেট যাচাই-বাছাই শেষে যৌক্তিক বাজেট অনুমোদন এবং অনুমোদিত বাজেটের কপি সংশ্লিষ্ট সমবায় অফিস ও সমিতির কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়। |
| **সেবাপ্রাপ্তির শর্তাবলি** | | বার্ষিক সাধারণ সভার অনুমোদিত বাজেট |
| **প্রয়োজনীয় কাগজপত্র** | | আবেদনপত্র ও বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী |
| **প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ** | | বিনামূল্যে |
| **সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা** | | ১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা-২০০৪ |
| **নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা** | | প্রাথমিক ও কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে যুগ্ম-নিবন্ধক ও জাতীয় সমিতির ক্ষেত্রে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| **সেবা প্রদান/ প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ** | **ক) নাগরিক পর্যায়** | সমবায় আইন ও বিধি সম্পর্কে সদস্যদের স্বচ্ছ ধারণা না থাকায় সঠিক সময়ে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান না করা |
| | **খ) সরকারি পর্যায়** | জনবল স্বল্পতার কারণে সমিতিগুলোকে বার্ষিক সাধারণ সভাসংক্রান্ত বিষয়ে উদ্বুদ্ধ করতে না পারা |
| **বিবিধ/অন্যান্য** | | |